

সমকাল

দুর্যোগ-পরবর্তী সেবা দেবে অ্যামেচার রেডিও

প্রকাশ: ২১ এপ্রিল ২০১৮

প্রাকৃতিক দুর্যোগের সময় প্রচলিত টেলিকম নেটওয়ার্ক বিধ্বস্ত হয়। এ সময় দুর্যোগের ক্ষয়ক্ষতি ও উদ্ধারকারীদের সাহায্যের জন্য রাষ্ট্রের অঘোষিত দূত হিসেবে কাজ করেন একজন অ্যামেচার রেডিও অপারেটর বা হ্যাম। গত বুধবার রাজধানীর মহাখালীর ব্র্যাক বিশ্ববিদ্যালয় মিলনায়তনে 'বিশ্ব অ্যামেচার রেডিও দিবস' উপলক্ষে সেমিনারের আয়োজন করে ব্র্যাক বিশ্ববিদ্যালয় এবং এর ন্যানোস্যাটেলাইট টেকনোলজি অ্যান্ড রিসার্চ (ন্যাসটার) ও অ্যামেচার রেডিও অ্যাসোসিয়েশন বাংলাদেশ (এআরএবি)। সেমিনারের বিষয় ছিল 'অ্যামেচার রেডিও প্রসপেক্টিভস, চ্যালেঞ্জ অ্যান্ড হাই টু ওভারকাম দেম'। সেমিনারে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা অ্যামেচার রেডিও অপারেটররা উপস্থিত ছিলেন।